ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৮৩৩

আগরতলা, ১২ সেপ্টেম্বর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

"আমলার স্বেচ্ছাচারিতা, ক্ষুব্ধ অধনস্তরা মুখ্যমন্ত্রীর দরবারে", এই শিরোণামে গত ৫ই সেপ্টেম্বর, ২০২৫ স্যন্দন পত্রিকায় প্রকাশিত সংবাদটি ত্রিপুরা সরকারের সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের নজরে এসেছে। দপ্তরের পক্ষ থেকে জানানো হচ্ছে যে, মুখ্যমন্ত্রীর দপ্তরে জমা দেওয়া অভিযোগটির গুরুত্ব বিবেচনা করে সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের অতিরিক্ত অধিকর্তা এবং দুইজন সিনিয়র যুগ্ম অধিকর্তাকে নিয়ে একটি তদন্ত কমিটি গঠন করা হয়। সেই তদন্ত কমিটি সরকারি বিধি অনুসারে বিষয়টির তদন্ত শুরু করেছে। সুষ্ঠ তদন্ত এবং ন্যায়বিচারের স্বার্থে অভিযোগকারী ও অভিযুক্তের বক্তব্য শোনা আবশ্যক। তাই অভিযোগকারীদের ডাকা হয়েছিল। এই ক্ষেত্রে দপ্তরের অধীনস্ত কর্মী ও আধিকারিকদের অনাবশ্যক হয়রাণির কোন প্রশ্নই ওঠে না।

*****